2000 RS.




Additional District Sub-Registrar:
Bidhannagar, (Salt Lake City)

২০,০০০.০০ কুড়ি হাজার টাকা পণে সাফ্
বিক্রয় কোবালা দলিল

************************************

ক্রেতা:-
*****

শ্রীমতী সন্ধ্যারানী দাস স্বামী শ্রী বসন্ত কুমার দাস, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- মাধবনগর, পাথরপ্রতিমা, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

বিক্রেতা:-
*******

শ্রীমতী ঊষা রানী মন্ডল স্বামী শ্রী বীরেন্দ্র নাথ মন্ডল, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- রামচন্দ্রপুর, থানা- গাইঘাটা, জেলা- উত্তর ২৪ পরগণা, বর্ত্তমান সাং- ৩৪৪ নং গ্রীণপার্ক, ব্লক-এ, থানা- লেকটাউন, কলিকাতা- ৫৫, জেলা- উত্তর ২৪ পরগণা।

কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম বর্ত্তমান থানা লেকটাউন সবরেজিষ্ট্রী মোকাম কাশীপুর দমদম বর্ত্তমান সবরেজিষ্ট্রী মোকাম এ.ডি.এস.আর. বিধাননগর সল্টলেক সিটি সামিল সাউথ দমদম মিউনিসিপ্যালিটির অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা ঘাটগাছি গ্রামের ১৬০ নং তৌজির অধীন মালেক বর্ত্তমানে পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার মহোদয় অধিকারে ৮৪ নং খতিয়ানভুক্ত রায়ত স্থিতিবান স্বত্বীয় ১.৩১ শতক জমির খাজনা বার্ষিক ১৭ টাকা ৮ আনা করের জমাজমি মধ্যে .২১ শতক জমির খাজনা বার্ষিক ২ টাকা ১২ আনা ৬ পাই করের জমাজমি যাহা শ্রীমতী নন্দরানী আদকিরী মহাশয়া তাঁহার সরিকগণের সহিত আপোষে গত ইংরাজী- ২৭।৪।১৯৫৭ তারিখে কাশীপুর দমদম সবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৪২৭ নং এককেতা পার্টিশান দলিল মূলে আপোষে বিভাগ বন্টন করিয়া নিজ অংশে জমাজমিতে নির্ব্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও দখলিকারিনী থাকা অবস্থায় আমি অত্র কোবালা দাত্রী বিক্রেতা উক্ত সম্পত্তির ১৪' ফুট কমন প্যাসেজের অংশসহ ১২ কাঠা ১১ ছটাক জমি ইংরাজী- ১৩।১২।১৯৫৭ তারিখে কাশীপুর দমদম সবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১২৫ নং ভল্যুমের ৫৯ নং হইতে ৬২ নং পাতায় নকলকৃত ৮৫০৫ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত শ্রীমতী নন্দরানী আদকিরীর নিকট হইতে খরিদ করিয়া উক্ত খরিদা নির্ব্ব্যূঢ় স্বত্বে খাসে ও অন্যের নিরাংশে সর্ব্বপ্রকার উপস্বত্বাদি গ্রহণে মালেকান সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করত: নিরূপীত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে দাখিলা প্রাপ্ত গৃহাদি নির্ম্মাণ করিয়া নির্ব্বিবাদে ভোগ দখল করিতে থাকাকালীন রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপ আরম্ভ হয়। জরীপকালীন উক্ত ৮৪ নং খতিয়ানে

হাল ১১০৭ নং দাগস্থিত ১.০১ শতক জমি মধ্যে আমার নাম বরাবর ১৬।১০ অংশে এবং অবশিষ্ট ভোলা নাথ আদক, কৃষ্ণ চন্দ্র আদক, গোপাল চন্দ্র আদক, নেপাল চন্দ্র আদক, নীহার বালা রায়, শঙ্কর প্রসাদ দিগরের নাম বরাবর ষোল আনা রকমাংশে রেকর্ড হইয়া লিপিবন্ধ হয়। যাহা আমার বিক্রয়াদির যোগ্য উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্ত্তমান আছে।

এক্ষণে আমার পোষকতা বিধায় জমি ক্রয় করার জন্য নগদ টাকার প্রয়োজনে নিম্ন তপশীল বর্ণিত অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবন্ধ কমবেশী ২ কাঠা জমি যায় তদুপরিস্থিত টালির ঘরসহ সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খাসে আমার দখলে থাকাকালীন আমি সাফ বিক্রয়ের ঘোষণা করিলে আপনি ক্রেতা খরিদ করিতে ইচ্ছুক হইয়া বর্ত্তমান বাজার দরে সর্ব্বোচ্চ মূল্য মবলগে- ২০,০০০.০০ কুড়ি হাজার টাকা পণ বাবদ দিতে স্বীকৃত হওয়ায় আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পণের সম্পূর্ণ ২০,০০০.০০ কুড়ি হাজার টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা মূলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার নিকট সাফ বিক্রয় করিয়া অত্র বিক্রীত সম্পত্তি হইতে আমি একালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং অত্র বিক্রীত সম্পত্তিতে আপনাকে অদ্যই খোলসা খাস দখল ছাড়িয়া দিলাম। আপনি অদ্যকার তারিখ হইতে আমার নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও দখলিকারিনী হইয়া মালেকান সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটিতে আপনার নিজ নাম পত্তন করতঃ নিরূপীত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে খারিজ দাখিল লইয়া দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে এবং সর্ব্বপ্রকারের স্বত্বাধিকারিনী থাকিয়া পুত্র, পৌত্রাদি ওয়ারেশানগণক্রমে যদিচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, সংশ্রব, লভ্য, হক, হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তাহা সমস্তই অদ্যকার তারিখ হইতে আমার হক্তে রদ, রহিত ও লোপ পাইয়া অত্র কোবালার বলে সম্পূর্ণরূপে আপনাতে বর্ত্তিল। কস্মিনকালে অত্র বিক্রীত সম্পত্তিতে আমি কিম্বা আমার ওয়ারেশানগণক্রমে কাহারও কোন প্রকার দাবী, দাওয়া কিম্বা ওজরাপত্য চলিবে না, করিলেও তাহা সর্ব্বস্থলে সর্ব্বাদালতে বাতিল ও অগ্রাহ্য হইবেক।

অত্র সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কোথাও কাহারও নিকট কোন প্রকার বিক্রীর চুক্তিতে আবদ্ধ হই নাই বা উহা কোন দান, বিক্রয় বা অন্য কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা খোরাকরী বা জামিনের দায়ে কোন প্রকার দায় সংযোগাদি করি নাই বা উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা ঐ সংক্রান্ত কোন নোটিশাদি আমার উপর জারী হয় নাই বা উহা কোন ট্রাস্টভুক্ত সম্পত্তি নহে বা বা উহা কোন আদালতের বিষয়ভূক্ত সম্পত্তি নহে, বা উহাতে লিয়েন বা লিসপেনডেন্সের কোন প্রকার দোষ নাই বা উহা কোন দেবসেবায় অর্পণাদি করি নাই বা উহাতে কোন প্রকার চার্জ্জ নাই, আমি কাহারও বেনামদার নই, উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খাসে আমার দখলে থাকাকালীন আপনাকে আমি সাফ বিক্রয় করিলাম ও দখল প্রদান করিলাম।

ভবিষ্যতে উপরিউক্ত উক্তির কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোনরূপ বিঘ্ন বা ক্ষতি হইলে সম্পূর্ণ ক্ষতিপূরণসহ পণের সমস্ত টাকা মায় সুদ খরচাদিসহ ফেরৎ দিতে আমি ওয়ারেশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল।

অত্র কোবালা দলিলে কোন প্রকার ভুল, ভ্রান্তি হইলে আপনার খরিদা স্বত্ব সুদৃঢ় করণার্থে প্রয়োজনবোধে আপনার খরচায় আপনার বরাবর ভ্রম সংশোধনপত্র

দলিলাদি রেজিস্ট্রী করিয়া দিতে আমি ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কোন মালি মোকদ্দমা কোর্টে উপস্থিত হইলে তাহাতে আমার সাক্ষ্য দিবার প্রয়োজন হইলে তাহাও আমি নিজ খরচায় যথাযথ সময়ে কোর্টে উপস্থিত হইয়া আপনার বরাবর সাক্ষ্য দিতে বাধ্য রহিলাম। অন্যথায় আমি আইনত: দণ্ডনীয় হইব।

এতদর্থে আপন খুশীতে সুস্থ শরীরে সরল মনে সজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সমূহ অবগত হইয়া এবং পণের সম্পূর্ণ ২০,০০০.০০ কুড়ি হাজার টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া আপনার বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি, সন বাংলা- ১৩৯৫ সালের- ২৫শে অগ্রহায়ণ ইংরাজী- ১৯৮৯ সালের - ১০ ডিসেম্বর

তপশীল বিক্রীত সম্পত্তি

********

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম বর্ত্তমান থানা লেকটাউন সবরেজিস্ট্রী মোকাম কাশীপুর দমদম বর্ত্তমান সবরেজিস্ট্রী মোকাম এ.ডি.এস.আর. বিধাননগর সল্টলেক সিটি সামিল সাউথ দমদম মিউনিসিপ্যালিটির অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা ঘাটগাছি গ্রামের জে.এল.নং- ২০, রে.সা.নং- ১৫৪, তৌজি নং- ১৬, সাবেক ও হাল খতিয়ান নং- ৮৪ ভুক্ত রায়ত স্থিতিবান সত্ত্বীয় ১.৩১ শতক জমির খাজনা বার্ষিক ১৭ টাকা ৮ আনা টাকা করের জমাজমি মধ্যে সাবেক- দাগ নং- ৪৫৬ '' চার শত ছাপান্ন '', আর.এস.হাল দাগ নং- ১৯০৭'' উনিশ শত সাত'' দাগস্থিত বাস্তু জমি মধ্যে আমার খরিদা জমি হইতে অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবদ্ধ কমবেশী ২ দুই কাঠা জমির খাজনা

হারাহারী মতে বার্ষিক ৩৪ পয়সা করের জমাজমি মায় তদ্ পরিস্থিত টালির ছাউনী যুক্ত গৃহাদী রাস্তার বত্মা স্বত্ব, সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদিসহ দরবস্ত হুকুক সাফ বিক্রয় করিলাম। অত্র দলিল সংলগ্ন প্ল্যান দলিলের একাংশ বলিয়া গণ্য হইবেক। অত্র বিক্রীত সম্পত্তি স্থানীয় মিউনিসিপ্যালিটির ৬২১ নং ক্যাল যশোহর রোড হোল্ডিং ভূক্ত হইতেছে।

যাহার চৌহদ্দী :-
**************

উত্তরে :- আমার বসতবাটী ।

দক্ষিণে :- কানাই মান্নার বাড়ী ।

পূর্ব্বে :- আর.এস. দাগ নং- ১১০৮ এবং ১১০৯, সুধীর নস্কর দিগরের জমি।

পশ্চিমে :- অদ্য তারিখে খরিদ সূত্রে বসন্ত কুমার দাসের জমি ।

পণের প্রাপ্ত টাকার জায়:-
**********************

[illegible]

উষারাণী মণ্ডল
[illegible]

ইসাদী :-

[illegible]
২৪৫ গ্রীন পার্ক
৩৩৮ গ্রীন পার্ক

মুসাবিদাকারক,
[signature]
শ্রী রমেশ মুখার্জী,
সাং- রেকজুয়ানী, লাইসেন্স নং-
ডি - ডাবল্ -XI- ২৪, কাশীপুর দমদম।

টাইপকারক,
[signature]
সুশান্ত কুমার মিত্র,
সাং- রেকজোয়ানী, - নৈনুপুর,
থানা- রাজারহাট ।।

SITE PLAN OF LAND-

C.S. DAG-456, R.S. DAG-1907 (PORTION),
KHAITAN-84, R.S.-154, J.L.-20, MOUZA-
SATGACHI, HOLDING № 621, UNDER SOUTH
DUMDUM MUNICIPALITY; P.S.-LAKE TOWN,
DIST.-24 PARGANAS (NORTH), POSTAL
ADDRESS- 344 GREEN PARK, BLOCK A,
JESSORE ROAD, CALCUTTA-55.


TOTAL LAND AREA-
2 KT. 0 CH. 0 SFT.
(MORE OR LESS)

SHOWN IN RED COLOUR

VENDER- SMT. USHA RANI MONDAL

VENDEE- [redacted]

SCALE
1"-30'FT.




DRAWN BY- P. SARKAR